কুষ্টিয়ায় গ্রাম আদালত বিষয়ক জনসচেতনতামূলক ক্যাম্পেইন

কুষ্টিয়ার মিরপুর উপজেলার ৯ নম্বর পোড়াদহ ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বার্ষিক ক্যাম্পেইন ও ভিডিও প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১৪ জুন) আয়োজিত এ কর্মসূচিতে গ্রাম আদালতের কার্যক্রম, সুবিধা এবং স্থানীয় পর্যায়ে বিরোধ নিষ্পত্তিতে এর গুরুত্ব তুলে ধরা হয়। পাশাপাশি ভিডিও প্রদর্শনীর মাধ্যমে সাধারণ জনগণকে গ্রাম আদালতের সেবা গ্রহণের বিভিন্ন দিক সম্পর্কে অবহিত করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার চিফ লিগ্যাল এইড অফিসার (যুগ্ম জেলা ও দায়রা জজ) পারুল আক্তার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ) মো. তারিক হাসান এবং মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আরাফাত আমান আজিজ।

বক্তারা বলেন, গ্রাম আদালত স্থানীয় পর্যায়ে সহজ, দ্রুত ও স্বল্প ব্যয়ে বিরোধ নিষ্পত্তির একটি কার্যকর ব্যবস্থা। এর মাধ্যমে সাধারণ মানুষ আদালতের দীর্ঘসূত্রিতা ও অতিরিক্ত ব্যয় এড়িয়ে ন্যায়বিচার পেতে পারেন। তাই গ্রাম আদালত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং জনগণকে এ সেবা গ্রহণে উৎসাহিত করা প্রয়োজন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা ব্যবস্থাপক মো. ফিরোজ হোসেন, উপজেলা সমন্বয়কারী শিউলী আক্তার ও তৈমুর হায়াতী, পোড়াদহ ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, প্রশাসনিক কর্মকর্তারা, গ্রাম পুলিশ সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন শ্রেণি-পেশার সাধারণ মানুষ।

কর্মসূচিতে অংশগ্রহণকারীরা গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত ধারণা লাভ করেন এবং স্থানীয় পর্যায়ে বিরোধ নিষ্পত্তিতে এ ব্যবস্থাকে আরও কার্যকরভাবে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন।

আয়োজকরা জানান, জনগণের মধ্যে গ্রাম আদালত সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং ন্যায়বিচারে সহজ প্রবেশাধিকার নিশ্চিত করতেই এ ধরনের

কর্মসূচির আয়োজন করা হয়ে থাকে।